

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম  
a2i.gov.bd  
Dhaka

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.৮১৩.১৯.০০১.২০২১- ৭৮৫

তারিখ: ২২ আশ্বিন ১৪২৮  
০৭ অক্টোবর ২০২১

বিষয়: শেখ রাসেল ওয়েবসাইট ও অনলাইন কুইজ প্রতিযোগিতার বিষয়টি বহল প্রচার এবং অধিকসংখ্যক শিশু-কিশোরদের অংশগ্রহণ নিশ্চিতকরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ১৮ অক্টোবর 'শেখ রাসেল দিবস' হিসেবে অনুমোদিত হয়েছে এবং উক্ত দিবসটি 'ক' শ্রেণিভুক্ত হিসেবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে উদ্‌যাপিত হবে।

২। এরই ধারাবাহিকতায় গত ০৩ অক্টোবর, ২০২১ তারিখ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, মহোদয় বিসিসি অডিটোরিয়ামে একটি সংবাদ সম্মেলনের মাধ্যমে 'শেখ রাসেল ওয়েবসাইট (sheikhrussel.gov.bd) ও অনলাইন কুইজ প্রতিযোগিতা (quiz.sheikhrussel.gov.bd) উদ্বোধন' করেন। বর্তমানে উক্ত ওয়েবসাইট ও অনলাইন কুইজ প্রতিযোগিতাটির বহল প্রচার অত্যাাবশ্যক।

৩। কুইজ প্রতিযোগিতাটি শুধু ৮ থেকে ১৮ বছর বয়সীদের জন্য উন্মুক্ত থাকবে। প্রতিযোগীরা দুইটি (০৮-১২ বছর ক গ্রুপ ও ১৩-১৮ বছর খ গ্রুপ) গ্রুপে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে ০৩ থেকে ১১ অক্টোবর, ২০২১ তারিখ রাত ১২টা পর্যন্ত অনলাইনে নিবন্ধন করতে হবে। ক গ্রুপের প্রতিযোগিতাটি আগামী ১২ অক্টোবর এবং খ গ্রুপের প্রতিযোগিতাটি আগামী ১৩ অক্টোবর, ২০২১ তারিখ সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে অনুষ্ঠিত হবে। প্রত্যেক প্রতিযোগী নির্ধারিত ১ ঘণ্টার মধ্যে সঠিক উত্তর প্রদানের জন্য ১০ মিনিট সময় পাবেন। কম সময়ে সর্বোচ্চ সংখ্যক উত্তরদাতা থেকে বিজয়ী নির্বাচন করা হবে। পুরস্কার হিসেবে দুইটি গ্রুপের জন্য ৫টি করে মোট ১০টি হাই জেনারেশন ল্যাপটপ প্রদান করা হবে।

৪। শেখ রাসেল অনলাইন কুইজ প্রতিযোগিতা বিষয়টি সোশ্যাল মিডিয়াতে প্রচারের জন্য কনটেন্টের গুগল ড্রাইভ লিংক: <https://drive.google.com/drive/folders/1uvGJGLJoFftOVip8JadDc4TiDoLA25PQ>

৫। এমতাবস্থায়, শেখ রাসেল ওয়েবসাইট ও অনলাইন কুইজ প্রতিযোগিতার বিষয়টি জেলা প্রশাসনের ফেসবুক পেইজ, ওয়েব পোর্টালে, স্থানীয় কেবল নেটওয়ার্ক এবং ইউনিয়ান ডিজিটাল সেন্টারের মাধ্যমে প্রচার করে অধিকসংখ্যক শিশু-কিশোরদের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য বিনীত অনুরোধ করা হলো।

  
ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর  
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)  
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম

জেলা প্রশাসক (সকল)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয় (সকল)।